



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-[dgmsme@krishibank.org.bd](mailto:dgmsme@krishibank.org.bd)

## ক্রেডিট বিভাগ

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/করোনা/২০২২-২৩/ ৪৮(২২৫০)

তারিখঃ ০৬/০৭/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বাংলাদেশ ব্যাংকের বিশদ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত বিধি বহির্ভূতভাবে সিএমএসএমই (CMSME) প্রনোদনা প্যাকেজে গ্রাহকের নিকট হতে ৯% হারে সুদ এবং বিভিন্ন ফি বাবদ অতিরিক্ত আদায় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংকের বিশদ পরিদর্শন প্রতিবেদনে পরিলক্ষিত অনিয়ম ও পরিপালন সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক ও বাংলাদেশ ব্যাংকের 'ব্যাংক পরিদর্শন বিভাগ-২' এর মধ্যে অনুষ্ঠিত ত্রৈমাসিক সভায় অত্র ব্যাংকের বিভিন্ন শাখা কর্তৃক বিধি বহির্ভূতভাবে সিএমএসএমই (CMSME) প্রনোদনা প্যাকেজে গ্রাহকের নিকট হতে ৯% হারে সুদ এবং বিভিন্ন ফি বাবদ অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে যা বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনে উদঘাটিত হয়েছে মর্মে অবহিত করা হয়েছে। এ ধরনের ভ্রান্তি গ্রাহকদের মধ্যে ভুল বার্তা দেয়। এ ধরনের ভুল/অনিয়ম কঠোরভাবে পরিহারযোগ্য এবং তা রোধকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১, তারিখঃ ০৯/০৯/২০২১ এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক সিএমএসএমই (CMSME) প্রনোদনা প্যাকেজের সুদহার নির্ধারণসহ অর্থায়ন এবং পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৭/২০২১, তারিখঃ ২৯/০৮/২০২১ অনুসরণপূর্বক ঋণের অন্যান্য ফি নির্ধারণের নির্দেশনা প্রদান করা হলো। প্রনোদনা প্যাকেজসহ বিভিন্ন ঋণের সুদহার ও অন্যান্য ফি নির্ধারণের ক্ষেত্রে যথাযথ সতর্কতা অবলম্বন এবং কোনরূপ ভুল/অনিয়ম পরিহার করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এতদ্বিষয়ে কোন ভুল/অনিয়ম সংঘটিত হলে দায়ী কর্মকর্তা চিহ্নিত করে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল হোসেন)

উপমহাব্যবস্থাপক

ফোন : ০২২২৩৩-৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/করোনা/২০২২-২৩/ ৪৮(২২৫০)

তারিখঃ ০৬/০৭/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, পরিপালন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

(মুহাম্মদ মোশাররফ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক